তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ১৩ কলাম ২

দৈনিক ইত্তেফাক



ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) : বিদ্যালয় ছুটির পর সাইকেল চালিয়ে বাড়ী ফিরছে শিবরামপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা —ইত্তেফাক

# ফুলবাড়িয়ায় ছাত্রীদের সাইকেল ব্যবহার বাড়ছে

## খরচ, সময় ও ইভটিজিং থেকে রক্ষা

■ ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) সংবাদদাতা

বাইসাইকেলে চড়ে প্রতিদিন স্কুলে আসা-যাওয়া করে ছাত্রীরা। একদিকে যেমন সময় বাঁচে তেমনি বাঁচে অর্থ। ইভটিজিং থেকে দূরে থাকে তারা। বাইসাইকেলের প্যাডেলে নারী শিক্ষা ফুলবাড়ীয়ায় চলছে ২০ বছর ধরে।

উপজেলার কালাদহ ইউনিয়নের কন্যা শিক্ষার্থীরা বিদ্যালয়ে বাইসাইকেল নিয়ে বেশি আসা-যাওয়া করে। শিবরামপুর উচ্চ বিদ্যালয়ের সূত্র জানায়, তাদের বিদ্যালয়ের মোট শিক্ষার্থী ৬৪৫ জন। তার মধ্যে ৬ষ্ঠ শ্রেণিতে ১৮০ শিক্ষার্থীর মধ্যে ৮০ জন, ৭ম শ্রেণিতে ১৩৩ জনের মধ্যে ৫৮ জন, ৮ম শ্রেণিতে ১১৩ জনের মধ্যে ৫৩ জন, ৯ম শ্রেণিতে ১২৫ জনের মধ্যে ৪৫ জন ও ১০ম শ্রেণিতে ৯৪ জনের মধ্যে ৩৯ জন ছাত্রী। ছাত্রদের চেয়ে ছাত্রীরাই এখন বাইসাইকেল ব্যবহার করে বেশি।

প্রতিদিন ৫'শ সাইকেল নিয়ে বিদ্যালয়ে পড়তে আসে শিক্ষার্থীরা। তাদের সাইকেলগুলো রাখতে কর্তৃপক্ষকে হিমসিম খেতে হয়। সাইকেল রাখার জন্য একটি সাইকেল স্ট্যান্ড জরুরি হয়ে পড়েছে।

বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাইকেল ব্যবহার প্রবণতা বেড়ে যাওয়ায় অনপুস্থিতির হার কমেছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফছর আলী জানান, ১৯৬৭ সনে স্থাপিত হয়েছে বিদ্যালয়টি। শিক্ষার্থীদের মধ্যে বিশেষ করে ছাত্রীদের মধ্যে সাইকেল ব্যবহার প্রবণতা বেড়ে যাওয়ায় বিদ্যালয়ে অনুপস্থিতির হার কমে গেছে। প্রতিদিন গড়ে ৫'শটির মত সাইকেল আসে তার বিদ্যালয়ে। রোদ বৃষ্টির হাত থেকে সাইকেলগুলো রক্ষার জন্য একটি সাইকেল স্ট্যান্ড নির্মাণ জরুরি হয়ে পড়েছে। তিনি আরও জানান, সাইকেল নিয়ে ছাত্রীরা বিদ্যালয়ে আসায় ইভটিজিংয়ের পরিমাণ কমে গেছে।